দৈনিক ইত্তেফাক 25

তারিখ 13 DEC 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# ফুলবাড়িয়ার ৩ বিঘা জমি ঢাকা বিশ্ববিদ্যালয়কে দেওয়া হইবে

আনোয়ার আলদীন ॥ সরকার ফুলবাড়ীয়ার পুরাতন রেলওয়ে ভবন এলাকার তিন বিঘা জমি ঢাকা বিশ্ববিদ্যালয়কে দান করিতেছে। বিশ্ববিদ্যালয়ের স্থান সংকুলানের অভাব এবং জমির চাহিদা তীব্র হওয়ায় আগামী জানুয়ারীতে এই জমি বিশ্ববিদ্যালয়ের নিকট হস্তান্তর করা হইবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর একে আজাদ চৌধুরীকে এই ব্যাপারে প্রতিশ্রুতি দিয়াছেন। অবশ্য ঢাকা বিশ্ববিদ্যালয়কে এই তিন বিঘা জমির বিনিময়ে বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজকে ৮ কাঠা জমি দিতে হইবে। বকশী বাজারে বদরুন্নেসা কলেজ সংলগ্ন এলাকায় বিশ্ববিদ্যালয়ের এই ৮ কাঠা অব্যবহৃত

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## তিন বিঘা জমি

(শেষ পৃষ্ঠার পর)

জায়গা রহিয়াছে। শুক্রবার বদরুন্নেসা কলেজের প্রাক্তন ছাত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠানে এই কলেজের এককালের ছাত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসাবে উপস্থিত হইলে কলেজ কর্তৃপক্ষ তাহাদের স্থান সংকুলানের কথা প্রধানমন্ত্রীকে অবহিত করেন। পরে প্রধানমন্ত্রী অনুষ্ঠানে উপস্থিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সহিত এই জমি বিনিময়ের বিষয়টি চূড়ান্ত করেন।

ভিসি আজাদ চৌধুরী গতকাল জানান, এই তিন বিঘা জমিতে বিশ্ববিদ্যালয়ের একটি বিজ্ঞান বিষয়ক পৃথক একাডেমিক ভবন নির্মাণের পরিকল্পনা করা হইতেছে। আবাসিক হল, একাডেমিক ভবন ইত্যাদি নির্মাণের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জমির পরিমাণ ক্রমশঃ হ্রাস পাইতেছে। এই তিন বিঘা জমি বিশ্ববিদ্যালয়ের প্রভূত উন্নয়নে সহায়ক হইবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান সর্বসাকুল্যে জমির পরিমাণ ক্যাম্পাসে ২৬০ একর, গ্রীন রোডে ১৮ বিঘা এবং আজিমপুরে ৯ বিঘা। ইহার মধ্যে যে জমি অব্যবহৃত ছিল তাহার প্রায় সর্বত্রই সম্প্রতি আবাসিক ও একাডেমিক ভবন নির্মাণ চলিতেছে। কোথায়ওবা নির্মাণ প্রক্রিয়াধীন।